

আদালতের নিষেধাজ্ঞা অমান্য
পুঠিয়ায় স্কুলে প্রধান
শিক্ষক নিয়োগ দিলেন
কমিটি সভাপতি

■ রাজশাহী অফিস
রাজশাহীর পুঠিয়া উপজেলার
ধোপাপাড়া হাইস্কুলের ম্যানেজিং
কমিটির সভাপতি, বিরুদ্ধে
আদালতের নিষেধাজ্ঞা অমান্য করে
অর্থের বিনিময়ে প্রধান শিক্ষক
নিয়োগের অভিযোগ উঠেছে। স্কুলের
ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোজাম্মেল হক
সরকার গতকাল বুধবার দুপুরে
রাজশাহী প্রেসক্রায়ে আয়োজিত
সাংবাদিক সম্মেলনে এ অভিযোগ
করেন।

সিদ্ধি বক্তব্য তিনি উল্লেখ
করেন, ধোপাপাড়া হাইস্কুল ম্যানেজিং
কমিটির সভাপতি জসিম উদ্দিন
অবৈধভাবে জুনিয়র এক শিক্ষককে
প্রধান শিক্ষক হিসেবে নিয়োগের
উদ্যোগ নিয়ে তিনিই স্কুলের অন্যান্য
সিনিয়র শিক্ষক ও এলাকাবাসী
প্রতিবাদ করেন। এতেও কোনো কাজ
না হওয়ার গত ২৭ মে তিনি পুঠিয়ায়
সাবজজ আদালতে মানলা করেন।
২৯মে তানি শেষে আদালত উক্ত স্কুলে
প্রধান শিক্ষক নিয়োগ নিষেধাজ্ঞা জারি
করেন। কিন্তু সভাপতি জসিম উদ্দিন
নিষেধাজ্ঞা উপেক্ষা করে প্রধান শিক্ষক
পদে ওই জুনিয়র শিক্ষককে নিয়োগ
দেন। এদিকে গত বুধবার স্থানীয়
প্রশাসন এলাকাবাসীর দাওয়ানো তাল্যা
ভেসে আদালতের নিষেধাজ্ঞা অমান্য
করে নিয়োগকৃত প্রধান শিক্ষককে
চেয়ারে বসিয়ে দিয়েছে।

সাংবাদিক সম্মেলনে অভিযোগ
করা হয়, স্কুল ম্যানেজিং কমিটির
সভাপতি এখন বিভিন্নভাবে ভারপ্রাপ্ত
শিক্ষককে চাকরিচ্যুত করার হুমকি ও
ভয়ভীতি প্রদর্শন করছেন। এ বিষয়ে
পুনরায় মুখ বুজে সভাপতি ভারপ্রাপ্ত
প্রধান শিক্ষককে ছেদকে বিভিন্ন
নামদায় প্রোগ্রামেরও হুমকি দিয়েছেন
বলে দাবি করা হয়। তিনি 'অবৈধ'
নিয়োগ বাতিল করে পুনরায় নার্কুলার
দিয়ে প্রধান শিক্ষক নিয়োগ এবং
আদালতের নিষেধাজ্ঞা অমান্য করার
ম্যানেজিং কমিটির সভাপতির পাস্তির
দাবি জানান।